ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 1 ● Issue - 53 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in
ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২০৯ ● কলকাতা ● ১৬ শ্রাবণ, ১৪৩২ ● শনিবার ● ০২ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 18

## সমাদরের সমপণ যোগ



ব্যবধান আছে। কারণ বলতে থাকেন আর শিষ্য নিজের স্তরে থেকে কথা শুনতে । কারণ গুরু নিজের আধ্যাত্মিক স্তর থেকে কথা থাকে। সেইজন্য দুজনের মধ্যে আদান-প্রদান হতে পারে না। আর সেইজন্যে গুরুর কথা সেই সময় শিষ্যের বোধগম্য হয় না। শিষ্যের দৃষ্টি সীমিত হয়। সে কেবল তার আশপাশই দেখতে পায়। আর গুরুর দৃষ্টি হয় বিশাল। তিনি শিষ্যের অতীত এবং সামনের ভবিষ্যত কাল দুটোই জানেন। দুজনের মধ্যে থাকে সময়ের ব্যবধান, আর এই ব্যবধান না কাটলে গুরুর বক্তব্য শিষ্য বুঝতে পারে না।" আর সেইজন্যই ঐ সময় তাঁর কথা আমি বুঝতে পারছিলাম না, কিন্তু তিনি আশ্বস্ত ছিলেন।

ক্রমশঃ

# বাংলার SIR-এর কাউন্টডাউন শুরু!




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিহারে বিশেষ নিবিড় সমীক্ষা বা এসআইআর শুরু হওয়ার পর থেকেই দেশ জুড়ে জল্পনা। মৃত বা নিখোঁজ ভোটারদের খুঁজে খুঁজে বাদ দিয়ে ভোটার লিস্ট তৈরির কাজ শুরু করেছে নির্বাচন কমিশন। এই বিষয়ে মামলাও চলছে সুপ্রিম কোর্টে। এরই মধ্যে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে ফের এল চিঠি।

ইতিমধ্যেই রাজ্যে ২০০২ সালের ভোটার তালিকা প্রকাশের কাজ শুরু করেছে নির্বাচন কমিশন। ১০৯ টি বিধানসভা এলাকার নাম প্রকাশ করে ফেলেছে কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে এই তালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে। এই তালিকায় নাম থাকা ভোটারদের আপাতত স্বস্তি এসআইআরে (S I R)। কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ, নদিয়া, হাওড়া, হুগলি, মেদিনীপুর, বাঁকুড়া জেলার প্রায় শতাধিক বিধানসভা কেন্দ্রের তালিকা প্রকাশ করা হয়েছে।আর সেই চিঠি থেকেই বাংলায় এসআইআর শুরু হওয়ার সম্ভাবনা আরও

এরপর ৩ পাতায়






# শিয়ালদহে কোন প্ল্যাটফর্ম থেকে কোন লোকাল ছাড়বে? ঘোষণা রেলের



স্টাফ রিপোর্টার, রোজদিন

বাক্সপ্যাঁটরা নিয়ে পুজো বা গরমের ছুটিতে হয়ত বেড়াতে যাচ্ছেন। ট্রেন ধরার জন্য স্টেশনে পৌঁছে আরেক টেনশন। কোন প্ল্যাটফর্ম থেকে আপনার গন্তব্যের ট্রেনটি ছাড়বে? তার জন্য হাঁ করে ডিসপ্লে বোর্ডের দিকে তাকিয়ে থাকা। কতক্ষণে সেখানে দেখা যাবে ট্রেন আর প্ল্যাটফর্মের নম্বর।রেলের তথ্য অনুযায়ী, দেশের সবচেয়ে ব্যস্ত শিয়ালদহ স্টেশনে ফি দিন যাতায়াত করেন ১৫ থেকে ১৮ লক্ষ যাত্রী। কলকাতা শহরের সঙ্গে মফস্বল এলাকাগুলির যোগাযোগ স্থাপনের কেন্দ্র এই শিয়ালদহ স্টেশন। বলা হচ্ছে, প্রতিদিন এখানে অন্তত ৯১৫টি লোকাল ট্রেন চলাচল করে। অফিসের ব্যস্ত সময়ে ট্রেন ধরার হুড়োহুড়ি পড়লে যাত্রীরা সমস্যায় পড়েন এই ভেবে তাঁদের গন্তব্যের জন্য কোন প্ল্যাটফর্ম থেকে ট্রেন ছাড়বে। তবে এবার সেসব চিন্তা শেষ। কোন দিকে যাবেন, সেই অনুযায়ী আপনার ট্রেনটি কোন প্ল্যাটফর্ম থেকে ছাড়তে পারে, তার আগাম আন্দাজ পেয়ে যাবেন। দ্রুত এই ব্যবস্থা কার্যকর হবে বলে জানা যাচ্ছে। রেলের এই ঘোষণায় নিঃসন্দেহে স্বস্তি বাড়ল নিত্যযাত্রীদের।এবার সেসব চিন্তার অবসান। শিয়ালদহ স্টেশন থেকে যদি আপনি ট্রেন ধরতে চান, তাহলে একেবারে নিশ্চিন্তে ধীরে সুস্থে পৌঁছন। কোন প্ল্যাটফর্ম থেকে কোন লোকাল ছাড়বে, তা স্থির করে দিল রেল। সহজে জানতে পারবেন, আপনার ট্রেনটি সম্ভাব্য কোন প্ল্যাটফর্ম থেকে ছাড়বে।

শিয়ালদহ ডিভিশনের তরফে শুক্রবারই এই বিজ্ঞপ্তি জারি হয়েছে। তাতে জানা যাচ্ছে –

১ থেকে ৫ নং প্ল্যাটফর্ম থেকে ছাড়বে গেদে, কৃষ্ণনগর, শান্তিপুর, রানাঘাট, নৈহাটি, কল্যাণী সীমান্ত, বারাকপুর লোকাল।

৫ থেকে ৮ নং প্ল্যাটফর্ম থেকে ডানকুনি, বারুইপাড়া লোকাল ছাড়বে।

৬ থেকে ১০ নং প্ল্যাটফর্ম থেকে ছাড়বে বনগাঁ, বারাসত, দত্তপুকুর, হাবড়া, গোবরডাঙা, ঠাকুরনগর, হাসনাবাদ, দমদম ক্যান্টনমেন্ট, মধ্যমগ্রাম লোকাল।

৯, ১১ এবং ১৪ নং প্ল্যাটফর্ম বরাদ্দ সমস্ত মেল, এক্সপ্রেস ট্রেনের জন্য।

১৫ থেকে ২১ নং প্ল্যাটফর্ম থেকে ছাড়বে শিয়ালদহ দক্ষিণ শাখার সমস্ত ট্রেন।

# কসবা কাণ্ডে বিস্ফোরক অভিযোগ আইনজীবীর

স্টাফ রিপোর্টার, রোজদিন

কসবা ল' কলেজে গণধর্ষণকাণ্ডে ধৃত মনোজিৎ মিশ্রদের ফের হেফাজতে চায় পুলিশ। সাউথ ক্যালকাটা ল' কলেজে গণধর্ষণকাণ্ডে ধৃত প্রাক্তন টিএমসিপি নেতা মনোজিৎ মিশ্র সহ ৪ জন। পুলিশের হাতে এসেছে ফরেন্সিক রিপোর্ট, ডিজিটাল এভিডেন্সের রিপোর্ট এবং গেট প্যাটার্ন রিপোর্ট। পুলিশ সূত্রে খবর, রিপোর্টের সঙ্গে মনোজিৎ মিশ্র, প্রমিত মুখোপাধ্যায়, জেব আহমেদ ও নিরাপত্তারক্ষীর বয়ান মেলানো হবে।

ইতিমধ্যেই এই ঘটনার পুনর্নির্মাণ করেছে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ। পুলিশের তরফে আদালতে দেওয়া রিপোর্টে, ঘটনাস্থল থেকে উদ্ধার বিভিন্ন সামগ্রীর নথিও তুলে দেওয়া

এরপর ৩ পাতায়

# চা-বাগান থেকে বনদপ্তরের তৎপরতা উদ্ধার হল চিতা বাঘ

হরেকৃষ্ণ মন্ডল,আলিপুরদুয়ার



আলিপুরদুয়ারের মাঝের ডাবরি চা-বাগানে ফের লেপার্ড ধরা পড়লো, আতঙ্কের মাঝে-স্বস্তিতে শ্রমিকরা।

মাঝের ডাবরি চা-বাগানে ফের একটি চিতাবাঘ (লেপার্ড) ধরা পড়েছে গতকাল রাতে। গত ১৫ দিনের মধ্যে এ নিয়ে মোট তিনটি লেপার্ড খাঁচাবন্দী হল এই বাগানে।চা-বাগানের ম্যানেজার চিন্ময় ধর জানিয়েছেন,চা-শ্রমিকদের মধ্যে ব্যাপক আতঙ্ক ছড়িয়েছিল বারবার চিতাবাঘ দেখা যাওয়ায়। বনদপ্তরের সঙ্গে আলোচনা করে বাগানে ছাগলের টোপ দিয়ে চারটি খাঁচা বসানো হয়। ইতিমধ্যে দুটি চিতাবাঘ ধরা পড়েছে। বৃহস্পতিবার রাতে ফের তৃতীয়টি ধরা পড়ে।বনদপ্তরের কর্মীরা রাতেই চিতাবাঘটি উদ্ধার করে নিয়ে যান। শ্রমিকদের মধ্যে এখন কিছুটা স্বস্তি ফিরে এসেছে বলে জানান বাগান কর্তৃপক্ষ।







(১ম পাতার পর)

# বাংলার SIR-এর কাউন্টডাউন শুরু!

জোরাল হচ্ছে।
সিইও দফতরে একটি চিঠি পাঠানো হয়েছে দিল্লির নির্বাচন কমিশনের দফতর থেকে। সেই চিঠিতে স্পষ্টভাবে বলে দেওয়া হয়েছে যে, গোটা দেশেই এসআইআর হবে। বিহারের মতোই সব রাজ্যের সিইও-কে তাই নির্দেশ দেওয়া হচ্ছে যাতে প্রস্তুতি পর্ব শুরু করে দেওয়া হয়। যেহেতু বিএলও বা ব্লক লেভেল অফিসাররা এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত থাকছেন, তাই বিএলও নিয়োগ শুরু করার কথাও বলা হয়েছে। রাজ্যের সরকারি দফতরের কর্মীদেরই বিএলও হিসেবে নিয়োগ করা হয়। এ ক্ষেত্রে চিঠিতে বলা হয়েছে, থানা প্রতি একজন করে বিএলও নিয়োগ করতে হবে। এছাড়া প্রতি ১০টি থানা মিলিয়ে একজন করে বিএলও সুপারভাইজার থাকবেন। অবিলম্বে সেই নিয়োগ প্রক্রিয়া শুরু করার কথা বলা হয়েছে।

(২ পাতার পর)

# কসবা কাণ্ডে বিস্ফোরক অভিযোগ আইনজীবীর

হয়েছে।সূত্রের খবর, ২৭ জুন সন্ধেয় পুলিশ কলেজের ইউনিয়ন রুম থেকে রক্তের নমুনা সংগ্রহ করে। সংগ্রহ করা হয় চুলের টুকরো ও সোয়াব।গার্ডরুম থেকে হলুদ রঙের কাপড় ও একটি কার্ড বোর্ডের টুকরো থেকে রক্তের নমুনা সংগ্রহ করা হয়। গার্ডরুম থেকেই একটি হকি স্টিকও বাজেয়াপ্ত করে পুলিশ।আরও ২ দিনের জন্য মনোজিৎ, প্রমিত ও জেব আহমেদকে নিজেদের হেফাজতে চায় পুলিশ। নিরাপত্তারক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়কে ৩ দিনের জন্য হেফাজতে চায় পুলিশ। অপরদিকে, পাল্টা একাধিক অভিযোগ এনেছেন মনোজিতের আইনজীবী। তাঁর অভিযোগ, মনোজিৎকে ইঞ্জেকশন দেওয়া হয়েছে। ডিএনএ টেস্টের সময় না জানিয়ে ট্যাবলেট খাওয়ানো হয়েছে মনোজিৎকে। হাসপাতালের সিসিটিভি ফুটেজ এনে দেখা হোক বলে দাবি জানিয়েছেন তিনি। পাশাপাশি আরও অভিযোগ তোলা হয়েছে মনোজিতের আইনজীবীর তরফে। পরীক্ষার জন্য পুলিশের গাড়ি থেকে নামানো পর্যন্ত হয়নি মনোজিৎকে বলে অভিযোগ। সই করতে পারলেও কেন টিপ ছাপ নেওয়া হয়েছে ? এই প্রশ্নও তুলেছেন তিনি।
সম্প্রতি মনোজিৎ মিশ্রকে নিয়ে আদালতে কড়া প্রশ্নের মুখে পড়েছিল পুলিশ। ২০২৩ ও ২০২৪ সালের দুই মামলায় তাঁকে শ্যোন অ্যারেস্ট দেখিয়েছিল পুলিশ। এতদিন কী করছিল রাজ্য, প্রশ্ন তোলে আদালত। এরপরেই গতমাসে মনোজিৎ সব চারজনকে ৫ অগাস্ট পর্যন্ত জেল হেফাজত বাড়ানোর নির্দেশ দেয় আদালত। গতমাসেই কসবা গণধর্ষণকাণ্ডে ইতিমধ্যেই পুলিশের তরফে আলিপুর আদালতে তথ্যপ্রমাণ উদ্ধারের বিস্তারিত রিপোর্ট জমা দেওয়া হয়ছিল ।সূত্রের খবর সেই রিপোর্টে উল্লেখ করা হয়েছে তদন্তে নেমে ৪টি ফোন বাজেয়াপ্ত করা হয়েছিল। যার মধ্যে দুটি ফোন ছিল মনোজিৎ মিশ্রর এবং আরেকটি ধৃত কলেজের নিরাপত্তারক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়ের।

# পরিস্থিতির বিপাকে তিন দিন এগোল অভিষেকের ডাকা ভার্চুয়াল বৈঠক

স্টাফ রিপোর্টার, রোজদিন

৮ অগস্টের পরিবর্তে বৈঠক হবে ৫ অগস্ট। কেন এই বদন তা আনুষ্ঠানিকভাবে জানানো হয়নি। তবে দলের যুবরাজ যখন ৫ তারিখে বৈঠক চাইছেন, তখন সেদিনই হবে বলে জানিয়েছে তৃণমূল।
তৃণমূলের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে কিছু না জানানো হলেও মনে করা হচ্ছে ওই সময় মমতা বন্দ্যোপাধ্যায় নাও থাকতে পারেন। যদিও ঝাড়গ্রামে আদিবাসী দিবস উদ্বোধন করে ৭



অগস্টই কলকাতা ফেরার কথা মমতার। কিন্তু যদি কিছু পরিবর্তন হয়, সেই জন্যই অভিষেক ৮

এরপর ৫ পাতায়

# খুনের আঁচ পেয়েছিলেন কোন্নগরের তৃণমূল নেতা?



স্টাফ রিপোর্টার, রোজদিন

**হুগলি:** মাস ছয়েক কেমন যেন অন্যরকম হয়ে গিয়েছিলেন। বেশ উদ্বেগে যে দিন কাটছে, তা বোঝা যাচ্ছিল। ইতিমধ্যে আবার জমিজমা নিয়ে সমস্যা চলছিল। অবশ্য সেই টানাপোড়েনের কারণ জমিজমাই ছিল কিনা, সে বিষয়ে কাউকে কিছু বলেননি। একথাই জানান তৃণমূল নেতা পিন্টু চক্রবর্তী ওরফে মুন্না 'ঘনিষ্ঠ' ইস্টবেঙ্গল কর্মকর্তা মানস রায়।গত ৩০ জুলাই খুন হন তৃণমূল নেতা পিন্টু চক্রবর্তী ওরফে মুন্না। গ্যাস অফিস থেকে বেরনোর পর দুষ্কৃতীর এলোপাথাড়ি কোপে হাত বাদ যায় তাঁর। পরে এসএসকেএম হাসপাতালে মৃত্যু। এই ঘটনার পর দু'দিন পার। এখনও অধরা অভিযুক্তরা। বিশেষ টিম তৈরি করে দুষ্কৃতীদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। কেউ খুনের সুপারি দিয়েছিল কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে। তদন্তকারীদের দাবি, আততায়ীরা বহিরাগত। খুনের আগে দুষ্কৃতীরা রেকি করেছিল বলে অনুমান। সিসিটিভি ফুটেজে তৃণমূল নেতার গ্যাসের অফিসের পাশে পানশালায় সন্দেহভাজন দু'জনের উপস্থিতি লক্ষ্য করা গিয়েছে। ঘটনার দিন সন্ধেয় ঝিমঝিম বৃষ্টিতে রাস্তা ফাঁকা থাকার সুযোগকে কাজে লাগিয়ে হত্যাকাণ্ডের পরিকল্পনা বলেই মনে করছে পুলিশ।প্রশ্ন উঠছে, তবে কি আগেই এই অঘটনের আঁচ পেয়েছিলেন তৃণমূল নেতা। এদিকে, এই ঘটনার সিসিটিভি ফুটেজ তৃণমূল নেতার অফিসের পাশের পানশালায় দুই সন্দেহভাজনের ছবি ধরা পড়েছে। খুব শীঘ্রই ঘটনার কিনারা হবে বলেই আশাবাদী তদন্তকারীরা।
প্রায় ১৫ বছর ধরে মানস রায়ের

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### দ্বাদশ বাণিজ্যিক নিলামে সাতটি কয়লা ব্লকের সফল নিলাম হয়েছে

কয়লা মন্ত্রক ২৭ মার্চ দ্বাদশ বাণিজ্যিক নিলামের সূচনা করে। ২৮ জুলাই থেকে ৩১ জুলাই সময়কালে মোট সাতটি কয়লা ব্লকের সফল নিলাম সম্পন্ন হয়েছে। এই সাতটি ব্লকের মধ্যে চারটি ঝাড়খণ্ডে এবং তিনটি ছত্তিশগড়ে। এগুলিতে ১৭,৬১৪ লক্ষ ৯০ হাজার টন কয়লার ভাণ্ডার রয়েছে বলে ধারণা করা হয়। নিলামের সময় সংশ্লিষ্ট সংস্থাগুলির মধ্যে যথেষ্ট প্রতিযোগিতা হয়েছে। এর ফলে গড়পড়তা রাজস্ব ২৬.৭ শতাংশ অর্জন করা গেছে। এর মধ্য দিয়ে কয়লা শিল্পের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির মধ্যে উৎসাহ নজরে এসেছে। এই ব্লকগুলি থেকে প্রতি বছর ৭১৯.৯০ কোটি টাকার রাজস্ব আদায় হবে। কয়লা উত্তোলনের জন্য ৭৮৭ কোটি ৫০ লক্ষ টাকা বিনিয়োগ করা হবে। এর ফলে, ৭,০৯৮টি কর্মসংস্থান সৃষ্টি হবে।

২০২০ সাল থেকে মোট ১৩১টি কয়লা ব্লকের সফল নিলাম সম্পন্ন হয়েছে। এগুলি থেকে প্রতি বছর ২৭৭৩.১০ লক্ষ টন কয়লা উত্তোলন করা হয়। ফলে, দেশে কয়লা উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পেয়েছে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে দেশ স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠেছে। এই ব্লকগুলি থেকে ৩৯,৩৫৯ কোটি টাকার রাজস্ব আদায় হচ্ছে। কয়লা উত্তোলনের জন্য ৪১,৫৯৭ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। সংশ্লিষ্ট অঞ্চলগুলিতে ৩ লক্ষ ৭৪ হাজার ৯১৬টি কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

দেশকে আত্মনির্ভর করে তুলতে কয়লা মন্ত্রক সংশ্লিষ্ট ক্ষেত্রকে দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকাশক্তি হিসেবে রূপান্তরিত করার জন্য নানাবিধ ব্যবস্থা গ্রহণ করেছে। এর ফলে, দেশের জ্বালানি ক্ষেত্রের চাহিদা যেমন পূরণ হচ্ছে, পাশাপাশি অর্থনীতিতে স্থিতাবস্থা বজায় রাখা সম্ভব হয়েছে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

## জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার

(সপ্তম পর্ব)



পুরাণ, দেবী ভাগবত পুরানে মনসা দেবীর লীলা ও ঘটনা বর্তমান । আর সেই কারণে আমি ছোট থেকে দেখে এসেছি আমাদের বাড়িতে পিতা ও মাতা মনসা নামে একটি গাছকে, মনসা দেবীর আজও পূজা করে চলেছে।আজও আমরা সেই রীতি-রেওয়াজ এখনো মেনে মেনে চলি প্রতি শনি ও মঙ্গলবার এ মনসা দেবী পূজিত হয় আমাদের বাস্তব বাড়ির উপরে।আমার ছোটবেলার দেখার দেবীর সেই ইতিহাস খুঁজতে খুঁজতে বহু পাঠ্যপুস্তক আমি একটু একটু করে পড়ে ফেলি। সেখান

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## খুনের আঁচ পেয়েছিলেন কোন্নগরের তৃণমূল নেতা?

চেনা পরিচিতি। তিনি জানান, “পারিবারিক যে কোন অনুষ্ঠানে ডাক পড়ত পিন্টুর। অনেক সময় নিজের দাদা মনে করে মনের কথা শেয়ার করত। সবসময় আমাকে সম্মান দিয়ে কথা বলত। খুব ভালো ছেলে ছিল। ঘটনার দিন ঘন্টাখানেক আগে আমি ওই রাস্তা দিয়ে ফিরেছি। এখনও বিশ্বাস করতে পারছি না সে আর আমাদের মধ্যে নেই। তার মধ্যে আমি কোনও রাজনৈতিক দলাদলি বা কোনও খারাপ কাজ দেখতে পাইনি। দেড়মাস আগে আমার এক ভাইয়ের বিয়ের অনুষ্ঠানে তার সঙ্গে দেখা হয়েছিল। তবে জানুয়ারি মাসের পর থেকে ওকে দেখে আমার মনে হয়েছে একটু চিন্তিত ছিল। যাকে আমি সবসময় হাসিখুশি দেখে এসেছি তার মধ্যে একটা চিন্তার ছাপ ছিল। তিন-চার বছর আগে আমাকে একবার বলেছিল মুন্না-সহ কানাইপুরের কয়েকজন মিলে ডানকুনিতে একটা জমি কিনেছে। সেখানে টাকাপয়সা নিয়ে একটা অশান্তি হয়েছিল। প্রায় ৪-৫ বছর আগের ঘটনা। তারপর থেকেই মুন্নার সাথে গত দু-তিন বছরে এ বিষয়ে আর কোনও কথা হয়নি। বিভিন্ন সামাজিক কাজের সঙ্গে যুক্ত থাকত মুন্না। কোন গরিব মানুষ তার কাছে সাহায্যের জন্য আসলে তাঁকে উপকার করত। আমি চাই দোষীদের কঠোর থেকে কঠোরতম শাস্তি হোক।”

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই প্রতীকী পুরুষটি কি সমস্ত পুরুষতান্ত্রিক ধর্মেরই প্রতিনিধিত্ব করেন না? বিশেষত পালযুগের বজ্রযানে যে এক বিশেষ শ্রেণীর দেবতা অক্ষোভ্যকুলে দেখা যায় যাঁদের বৈশিষ্ট্য হল তাঁরা পায়ের তলায় বিভিন্ন ব্রাহ্মণ্যতান্ত্রিক দেবতাকে পদদলিত করেন

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পার্ক সার্কাস রেলওয়ে স্টেশনে দখলদারিত্ব ও পরিচ্ছন্নতা

**কলকাতা, ১ আগস্ট, ২০২৫**




আজ রাজ্যসভায় সাংসদ শ্রী শমীক ভট্টাচার্যের একটি প্রশ্নের লিখিত উত্তরে কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব জানান, পার্ক সার্কাস স্টেশনে বেআইনি দখলদারিত্বের সমস্যা—যেমন হকারদের জন্য ফুটপাত বন্ধ হয়ে যাওয়া ও যাত্রীদের চলাচলে অসুবিধা—সম্পর্কে ভারত সরকার অবগত। তিনি বলেন, ভারতীয় রেল সময়ে সময়ে পার্ক সার্কাস স্টেশনে দখলদার উচ্ছেদের জন্য অভিযান চালিয়েছে, কিন্তু রাজ্য সরকারের সহযোগিতা না পাওয়ায় এই উদ্যোগগুলি সফল হয়নি।

শ্রী বৈষ্ণব আরও জানান, যাত্রী নিরাপত্তা সংক্রান্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে ভারতীয় রেল প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। রেলওয়ে প্রোটেকশন ফোর্স (আরপিএফ)-এর কর্মীরা দিনে ২৪ ঘণ্টা নিয়মিত মোতায়েন থাকেন এবং সিসিটিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি চালানো হয়। কোন স্টেশনে কত নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে, তা নির্ধারণ করা হয় স্টেশনের ঝুঁকির মাত্রা, সময়, স্থান, হুমকির আশঙ্কা এবং অতীতের অপরাধের তথ্য বিশ্লেষণ করে। এই মোতায়েন সময় সময় পর্যালোচনা করা হয় এবং রেল পুলিশ (জিআরপি)-এর সঙ্গে সমন্বয় রেখে অপরাধ প্রতিরোধে ও অপরাধ ঘটলে ব্যবস্থা নিতে নিরাপত্তা কর্মীদের কাজে লাগানো হয়।

স্টেশনের পরিচ্ছন্নতা বিষয়ে প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, স্টেশনের পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার কাজ চলমান একটি প্রক্রিয়া। রেল দফতর এই বিষয়ে একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে রয়েছে স্বচ্ছ ভারত অভিযান, জায়গায় জায়গায় আবর্জনা ফেলার উপযুক্ত বিন বসানো, জল নিষ্কাশন ব্যবস্থার উন্নতিকরণ এবং পরিষ্কারের পরিমাণ ও ঘনত্ব বাড়ানো। তিনি এও বলেন, পরিচ্ছন্নতার মান উন্নত করার লক্ষ্যে রেল একাধিক দিক থেকে পদক্ষেপ নিচ্ছে—যেমন প্রযুক্তির ব্যবহার, যাত্রীদের সচেতন করা, যন্ত্রচালিত পরিষ্কারের ব্যবস্থা, আবর্জনা সংগ্রহ, কীট আক্রমন দমন এবং সঠিক বর্জ্য ব্যবস্থাপনার সাহায্য নেওয়া। এছাড়াও, শৌচাগার পরিষ্কার প্রয়োজনে ‘পে অ্যান্ড ইউজ’ পদ্ধতি চালু করা হয়েছে।


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |





(৩ পাতার পর)

## পরিস্থিতির বিপাকে তিন দিন এগোল অভিষেকের ডাকা ভার্চুয়াল বৈঠক

তারিখ অবধি বৈঠক পিছিয়ে রাখতে চাইছেন না। ৬ তারিখ ঝাড়গ্রাম যাবেন মুখ্যমন্ত্রী, ফলে ৫ তারিখ তিনি কলকাতাতেই থাকছেন। তাই বৈঠকের সময় মুখ্যমন্ত্রী শহরেই থাকছেন।

এই বছর চারদিন ধরে পালিত হবে আদিবাসী দিবস। ৭ তারিখ অনুষ্ঠানের উদ্বোধন হলে ঝাড়গ্রাম ও সংলগ্ন জেলার নেতা, জনপ্রতিনিধিরা সেখানে ব্যস্ত থাকবেন। ফলে সেই সময়ে অভিষেকের বৈঠকে উপস্থিত হওয়া তাঁদের পক্ষেও সম্ভব না হতে পারে। এই সব ঝঞ্ঝাট এড়াতেই বৈঠকের দিন এগিয়ে আনা হয়েছে বলে মনে করছে তৃণমূলের একাংশ। আবার তৃণমূলের অন্য অংশের বক্তব্য, এই ব্বছর অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বৈঠকের মূল বিষয় হতে চলেছে ভোটার তালিকায় নিবিড় সমীক্ষা বা 'স্পেশাল ইনটেনসিভ রিভিশন' (SIR) নিয়ে কী করণীয় তা নিয়ে আলোচনা। তাতে সবাইকে প্রয়োজন। এদিকে ৯ অগস্ট রাখিপূর্ণিমা এবং ভারত ছাড়ো দিবস উপলক্ষে তৃণমূলের অন্য কর্মসূচি রয়েছে বঙ্গের সর্বত্র। তার প্রস্তুতি যাতে ব্যাহত না হয় সেই জন্য ৮ তারিখ বৈঠক করা হচ্ছে না।

ইতিমধ্যেই রাজ্য সরকারের পক্ষ থেকে 'আমাদের পাড়া, আমাদের সমাধান' কর্মসূচি শুরু করেছেন। বর্ধমানের পূর্বস্থলী দক্ষিণ বিধানসভার বিধায়ক মন্ত্রী স্বপন দেবনাথ নিজের বিধানসভা কেন্দ্র ধাত্রীগ্রামে গিয়ে ধাত্রীগ্রাম বালিকা বিদ্যালয়ে ‘আমাদের পাড়া আমাদের সমাধান’-এর ফর্ম বিলি করেছেন। আনুষ্ঠানিক এই কর্মসূচী শুরু হচ্ছে ২ অগস্ট থেকে। মনে করা হচ্ছে অভিষেকের বৈঠক থেকে সেই সংক্রান্ত বার্তাও থাকতে পারে।

# ট্রাম্পের এক সিদ্ধান্তেই পিছু হটল ভারত, সামনে বিপদ?

স্টাফ রিপোর্টার, রোজদিন



ভারতের চারটি রাষ্ট্রায়ত্ত তেল সংস্থা— ইন্ডিয়ান অয়েল, হিন্দুস্তান পেট্রোলিয়াম, ভারত পেট্রোলিয়াম এবং ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস লিমিটেড সাময়িকভাবে রাশিয়া থেকে তেল আমদানি বন্ধ রেখেছে।

ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে এমনটাই দাবি করা হয়েছে চারটি সূত্রের বরাত দিয়ে।

তবে এই বিষয়ে সরকারিভাবে এখনও কোনও মন্তব্য করেনি সংশ্লিষ্ট সংস্থাগুলি কিংবা কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রক।

রয়টার্স জানিয়েছে, রাশিয়ার বদলে এখন পশ্চিম এশিয়ার দেশগুলির দিকে ঝুঁকছে ভারতীয় সংস্থাগুলি বিশেষ করে আবু ধাবির মতো তেল-সমৃদ্ধ অঞ্চলে অশোধিত তেলের জন্য নির্ভরতা বাড়ছে।

বিশেষজ্ঞদের মতে, এই সিদ্ধান্তের পিছনে থাকতে পারে সাম্প্রতিক ভূ-রাজনৈতিক চাপ। আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি হুঁশিয়ারি দিয়েছেন, রাশিয়া যদি আগামী ১০ থেকে ১২ দিনের মধ্যে ইউক্রেন যুদ্ধ বন্ধ না করে, তা হলে রাশিয়া ও তার বাণিজ্যিক সহযোগী দেশগুলির উপরে ১০০ শতাংশ শুল্ক আরোপ করা হবে। একইসঙ্গে ভারতীয় পণ্যের উপর ২৫ শতাংশ শুল্ক বসানোর কথা জানিয়ে, রাশিয়া থেকে তেল ও অস্ত্র কেনার জন্য ভারতের বিরুদ্ধেও জরিমানা ধার্য করার ইঙ্গিত দিয়েছেন তিনি। যদিও সেই জরিমানার অঙ্ক এখনও প্রকাশ্যে আনেনি আমেরিকা।

রাশিয়ার খনিজ তেলের অন্যতম বড় ক্রেতা ভারত। বর্তমানে ভারতের মোট তেল আমদানির প্রায় ৩৫ শতাংশই আসে রাশিয়া থেকে। তবে তেল কেনা সাময়িকভাবে বন্ধ রাখার সিদ্ধান্ত কেবলমাত্র ট্রাম্পের হুঁশিয়ারির ফল কি না তা এখনও স্পষ্ট নয়।

রয়টার্সের প্রতিবেদনে আরও উল্লেখ, ইউক্রেন যুদ্ধ শুরুর পর ২০২২ সালে পশ্চিমি নিষেধাজ্ঞার মুখে রাশিয়া সস্তায় তেল রফতানি করছিল। কিন্তু সাম্প্রতিক কালে সেই ছাড় অনেকটাই কমানো হয়েছে, যা ভারতীয় সংস্থাগুলির জন্য আর্থিকভাবে আকর্ষণীয় না-ও হতে পারে।

এদিকে, রাশিয়া থেকে সবচেয়ে বেশি তেল আমদানি করে এমন দুটি বেসরকারি সংস্থা— রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজ এবং নায়ারা এনার্জির অবস্থান এখনও স্পষ্ট নয়। তারা রাশিয়া থেকে তেল কেনা বন্ধ রেখেছে কি না, সে বিষয়ে কিছু জানায়নি রয়টার্স।

বিশ্লেষকদের মতে, আন্তর্জাতিক সম্পর্ক, কূটনৈতিক চাপ এবং বাজারদরের ওঠানামা— এই ত্রিমুখী পরিস্থিতির প্রেক্ষিতে ভারতের পেট্রোলিয়াম নীতিতে আসতে পারে বড় রদবদল।

## পুজোর আগে নাশকতার ছক? চাকদহের গুদাম থেকে উদ্ধার বিপুল অস্ত্র,



স্টাফ রিপোর্টার, রোজদিন

**নদিয়া:** পুজোর আগে বড় সাফল্য নদিয়া পুলিশের। বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার হল একটি গুদাম থেকে। গ্রেপ্তার করা হল তিন দুষ্কৃতীকে। পুজোর আগে কি কোনও নাশকতা, অঘটন ঘটানোর ছক কষছিল তারা? সেই প্রশ্ন উঠেছে। পুলিশ ধৃতদের জিজ্ঞাসাবাদ করে তথ্য জানার চেষ্টা চালাচ্ছে।আজ, শুক্রবার ধৃতদের আদালতে তোলা হয়। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে আরও তথ্য পেতে চাইছে পুলিশ। সম্প্রতি রানাঘাট পুলিসঘ জেলার বিভিন্ন এলাকা থেকে একাধিক অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে একাধিক দুষ্কৃতীকেও। তাহলে পুজোর আগে নদিয়ায় কোনও নাশকতার ছক কষছে দুষ্কৃতীরা? নাকি বাইরে থেকে অস্ত্র এনে অস্ত্র মজুত করছে দুষ্কৃতীরা? সেই প্রশ্ন উঠেছে। পুলিশ সব দিক খতিয়ে দেখছে। আজ, শুক্রবার চাকদহ থানায় একটি সাংবাদিক সম্মেলন করেন রানাঘাট পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার সিদ্ধার্থ ধাপোলা। ছিলেন চাকদহ থানার ভারপ্রাপ্ত আইসি ও অন্যান্য পুলিশ আধিকারিকরা।এরপরই তদন্তকারীরা চাকদহের দরাপপুর শীতলাতলা গ্রামের একটি গুদামে হানা দেন। প্রিয়াংশু বিশ্বাস নামে এক যুবককে পাকড়াও করে চলে জিজ্ঞাসাবাদ। জেরায় উঠে আসে চাঞ্চল্যকর তথ্য। গুদামে তল্লাশি চালিয়ে একটি দেশি সেভেন এমএম পিস্তল, একটি ম্যাগাজিন, চার রাউন্ড কার্তুজ উদ্ধার করে পুলিশ। এছাড়াও একটি বিশাল তরোয়াল ও একটি ধারালো অস্ত্র উদ্ধার হয়েছে। এরপর ওই সূত্র ধরে তল্লাশি চালিয়ে তিন দুষ্কৃতীকে গ্রেপ্তার করে পুলিশ।

## প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা - ৪ এর আওতায় পর্যটন এবং জনজাতি উন্নয়নের প্রয়াস

নয়াদিল্লি, ০১ অগাস্ট, ২০২৫

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের আওতায় গ্রামীণ এলাকায় সড়ক পরিষেবার প্রসারে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা-4 এর মাধ্যমে কাজ করে চলেছে গ্রামোন্নয়ন মন্ত্রক। ২০১১'র জনগণনার ভিত্তিতে চিহ্নিত ২৫ হাজার সড়ক সংযোগহীন বসতি এলাকায় যাতায়াতের জন্য সবরকম আবহাওয়ায় ব্যবহার্য রাস্তা তৈরি করে দিতে চায় সরকার।

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ যোজনায় ১ হাজার হোমস্টে নির্মাণেরও লক্ষ্য রয়েছে। অগ্রাধিকার দেওয়া হচ্ছে, সেইসব জনবসতিকে, যেখানে জনসংখ্যা ৫০০-রও বেশি এবং তাঁর ৫০ শতাংশ জনজাতি গোষ্ঠীভুক্ত। উচ্চাকাঙ্ক্ষী জেলাগুলিতে ২৫০টিরও বেশি জনসংখ্যাবিশিষ্ট যেসব বসতিতে জনজাতি গোষ্ঠীভুক্তের সংখ্য ৫০ অথবা তার বেশি, সেগুলিও অগ্রাধিকারপ্রাপ্ত।

২০২৫ – এর ২৮ জুলাই পর্যন্ত এই উদ্যোগের আওতায় জম্মু ও কাশ্মীরে ৬২টি প্রকল্পের আওতায় ২৯৬.৩০১ কিলোমিটার রাস্তা নির্মাণের মঞ্জুরি দেওয়া হয়েছে। এইসব সড়ক পর্যটনের প্রসারের পাশাপাশি সংশ্লিষ্ট অঞ্চলগুলির আর্থ-সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করবে।

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহাঅভিযান এবং ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের লক্ষ্যমাত্রা পূরণে অনুঘটকের কাজ করছে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা। রাজ্যসভায় আজ এক প্রশ্নের লিখিত উত্তরে একথা জানিয়েছেন গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী শ্রী কমলেশ পাসওয়ান।

# সিনেমার খবর

## লন্ডনে শুটিং চলাকালে স্বামীর আত্মহত্যার খবরে যা করেন রেখা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



তিনি বলিউডের রহস্যময়ী নারী। তিনি এমন এক প্রেমিকা, যার প্রেম সিনেপর্দার বাইরেও ইতিহাস তৈরি করেছে। অমিতাভ বচ্চনের সঙ্গে গভীর সম্পর্ক, প্রেমে আঘাত নিয়েও তার স্ট্রং ব্যক্তিত্ব সদাই স্পটলাইটের নিচে। স্বামী মারা গেলেও এখনো সিঁথিতে সিঁদুর পরেন তিনি। হ্যাঁ, তিনি আর কেউ নন, ভানুরেখা জেমিনি গণেশন তথা বলিউড ডিভা রেখা।

সিনেপর্দায় তার ম্যাজিকের সিলসিলা আজও ভক্তদের মন ভরিয়ে দেয়। পর্দায় ম্যাজিক তৈরি করা সেই সুন্দরী রেখার জীবন কিন্তু একেবারেই মসৃণ নয়। বরং তার জীবন অনেকটাই বেদনায় মোড়া। বিশেষ করে তার দাম্পত্য জীবন সুখের ছিল না। তার ওপর সহকারী ফরজানার সঙ্গে তার সম্পর্ক নিয়ে গুঞ্জন। হাজারো কটূক্তি শুনতে হয়েছিল তাকে। আর এরই মাঝে হঠাৎ স্বামীর আত্মহত্যার খবরে কেঁপে উঠেছিলেন অভিনেত্রী।

কী ঘটেছিল সেই অভিশপ্ত দিনটিতে?

সালটা ১৯৯০। অক্টোবর মাসের ২ তারিখ। সেই সময় লন্ডনে একটা সিনেমার শুটিংয়ে ব্যস্ত ছিলেন রেখা। শটের মাঝে হঠাৎই খবর পান তার স্বামী মুকেশ আগরওয়াল আত্মহত্যা করেছেন। শুটিং ফ্লোরেই ভেঙে পড়েছিলেন রেখা। ভাবতেই পাচ্ছিলেন না, এমনটা হতে পারে। হাউ হাউ করে কেঁদে উঠেছিলেন। শুটিং ফ্লোর থেকে ছুটে বেরিয়ে গিয়েছিলেন। এক সাক্ষাৎকারে রেখা জানিয়েছিলেন, কখনো ভাবতেও পারিনি আমার সঙ্গে এটা ঘটবে। মেনে নিতে পারছিলাম না। কেন মুকেশ এমনটা করল, তা বুঝতে পারছিলাম না। তারপর সময় এগিয়ে গেল, মেনে নিলাম। আর তো কিছু করার ছিল না।

স্বামী মুকেশের মৃত্যুর পুর রেখাকে শুনতে হয়েছিল নানা অপবাদ। অনেকে তো আবার রেখাকে মানসিক অসুস্থও বলতেন। তবে বুকের ভেতর এসব নিয়েই জীবন কাটাচ্ছেন বলিউডের এভারগ্রিন এই অভিনেত্রী। এখনো মৃত স্বামী মুকেশের নামে সিঁদুর পরেন তিনি। এখনো নিজেকে রহস্যের মোড়কে বন্দি করে রেখেছেন রেখা।

## ভালোবাসার বার্তা দিলেন বাণী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

‘মান্ডালা মার্ডারস’ দিয়ে ওটিটিতে যাত্রা শুরু করছেন বাণী কাপুর। নেটফ্লিক্সের জন্য নির্মিত পুরাণনির্ভর রহস্য রোমাঞ্চ সিরিজটির ট্রেলার মুক্তি পেয়েছে সম্প্রতি।

মুম্বাইয়ের বান্দ্রায় পাইওনিয়ার হাউসে আয়োজিত ট্রেলার উন্মোচন অনুষ্ঠানে অংশ নেন বাণী। শুধু সিরিজ নয়, সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় যে বিষাক্ত ও কঠোর অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছেন, অনুষ্ঠানে সে বিষয়েও কথা বলেন বাণী। যশরাজ এন্টারটেইনমেন্ট প্রযোজিত ‘মান্ডালা মার্ডারস’ সিরিজে বাণী ছাড়াও অভিনয় করেছেন সুরভীন চাওলা, রঘুবীর যাদব, শ্রিয়া পিলগাওকর ও বৈভব রাজগুপ্ত। সিরিজটি যৌথভাবে পরিচালনা করেছেন গোপী পুথরান ও মানন রাওয়াত। বাণী এখানে একজন পুলিশ কর্মকর্তার চরিত্রে অভিনয় করেছেন, যিনি একের পর এক খুনের রহস্য উদ্‌ঘাটনে নেমে পড়েন। চরিত্রটি নিয়ে বাণীর মধ্যে বেশ আগ্রহ ও আবেগ কাজ করেছে। কারণ এ ধরনের চ্যালেঞ্জিং চরিত্রে আগে কখনও তাকে দেখা যায়নি। ওটিটিতে আত্মপ্রকাশের মুহূর্তে নিজের সাম্প্রতিক অভিজ্ঞতার কথা বলতে গিয়ে খানিকটা থমকে গেলেন বাণী।

কিছুদিন আগেই তার অভিনীত ছবি ‘আবির গুলাল’-এর মুক্তির কথা ছিল। ছবিতে তার বিপরীতে ছিলেন পাকিস্তানি অভিনেতা ফাওয়াদ খান। কিন্তু জম্মু ও কাশ্মিরের পেহেলগামে সন্ত্রাসী হামলার পর ছবিটির মুক্তির ওপর নিষেধাজ্ঞা জারি করে ভারত সরকার। সামাজিক মাধ্যমে শুরু হয় সমালোচনা। ট্রলিং, বিদ্রূপ ও কটূক্তির মুখে পড়েন বাণী। এ প্রসঙ্গে নিজের অনুভূতি প্রকাশ করতে গিয়ে বাণী বলেন, ‘কয়েক বছর ধরে সোশ্যাল মিডিয়ার পরিবেশ অনেকটাই বিষাক্ত হয়ে গেছে। আমি চাই, আমরা যেন একটু কম ঘৃণা করি, একটু বেশি ভালোবাসা ছড়িয়ে দিই। আপনি যদি কাউকে অপমান করেন, তুচ্ছ করেন, কিংবা ট্রল করেন, সেটি একদিন ঘুরে আপনার কাছেই ফিরে আসবে। তখন আপনাকেই কষ্ট পেতে হবে। আমি চাই, আমরা যেন প্রকৃত অর্থেই ভালো মানুষ হই। যেন আমরা শুধু একে অপরের প্রতি নয়, নিজের প্রতিও দয়ালু হতে শিখি। একজন দয়ালু মানুষের পৃথিবীতে আরও বেশি প্রয়োজন।’

## প্রেম নিয়ে যে ধারণা ভাঙল অনন্যার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



অনেকের চোখেই শাহরুখ খান আদর্শ পুরুষ ও আদর্শ রোম্যান্টিক হিরো। কিন্তু এই কথা মানতে নারাজ চাঙ্কি পাণ্ডের কন্যা ও অভিনেত্রী অনন্যা পাণ্ডে। অন্যান্যদের মতো তিনিও কিং খানের সিনেমা দেখেই বড় হয়েছেন। সবচেয়ে মজার কথা, অনন্যা শাহরুখের কন্যা সুহানার ছোটবেলার বান্ধবী। ছোট থেকেই শাহরুখকে কাছ থেকে দেখছেন তিনি। কন্যার ‘বেস্টি’ হওয়ার কারণে শাহরুখও অনন্যাকে কন্যার মতোই স্নেহ করেন। সেই অনন্যাই কিনা জানান, শাহরুখ তাকে ভুল পথে চালিত করেছেন। প্রেম ও সম্পর্ক নিয়ে ভুল শিক্ষা দিয়েছেন।

অনন্যা অভিনীত ‘গেহরাইয়াঁ’ নিয়ে বিস্তর আলোচনা হয়েছে। সিনেমায় তার পারফরম্যান্স বাহবা কুড়িয়েছে। প্রেম ও সম্পর্ক নিয়ে কথা বলতে গিয়ে নিজের ব্যক্তিগত মতামত দিয়েছিলেন অনন্যা। তিনি বলেন, শাহরুখ খানের সিনেমা দেখে বড় হয়েছি আমি। মনে করতাম এমন এক পুরুষকে আমি জীবনে পেতে চাই, যে আমাকে পাগলের মতো ভালোবাসবে। সে প্রেমে-ভরা চোখ নিয়ে আমার দিকে তাকিয়ে থাকবে। আমি ভুল ছিলাম। কিন্তু পরে জানতে পেরেছি প্রেম আসলে বন্ধুত্ব ও সংযোগ ছাড়া কিছুই নয়।

সাম্প্রতিককালের ‘আধুনিক সম্পর্ক’ বিষয়ে অনন্যা বলেছেন, এখন অনেক বেশি অ্যাক্সেস। অনেক মানুষের সঙ্গে যোগাযোগ করার রাস্তা বেড়ে গেছে। কেউ যদি সংসার করতে না চায়, সেটিকে ভুল ভাবে ব্যাখ্যা করারও কিছু নেই।

# ওভালে ব্যাটিং বিপর্যয়ে ২২৪ রানে থামল ভারত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ওভাল টেস্টের দ্বিতীয় দিনে মাঠে নামার সময় ভারতের সামনে ছিল বড় সংগ্রহ গড়ার লক্ষ্য। কিন্তু সেই আশায় দ্রুতই ভাটা পড়ে। দিনের শুরুতেই একের পর এক উইকেট হারিয়ে মাত্র ৩৪ বলেই অলআউট হয়ে যায় সফরকারী দলটি। প্রথম ইনিংসে ভারতের সংগ্রহ দাঁড়ায় মাত্র ২২৪ রান।



দিনের শুরুতে ৬ উইকেটে ২০৪ রানে ব্যাট করতে নামে ভারত। কিন্তু দ্বিতীয় দিনে যোগ করতে পারে মাত্র ২০ রান। ব্যাট হাতে বড় কিছু করার সম্ভাবনা জাগিয়েও ফিরতে হয়েছে করুন নায়ারকে। ইংলিশ পেসার জশ টাংয়ের দারুণ এক ইনসুইংয়ে ৫৭ রানে এলবিডব্লিউ হন তিনি। রিভিউ নিয়েও বাঁচতে পারেননি।

নায়ারের বিদায়ের পর কিছুটা আশার আলো জাগিয়েছিলেন ওয়াশিংটন সুন্দর। কিন্তু তিনিও বেশি সময় ক্রিজে টিকতে পারেননি। গাস আটকিনসনের শর্ট বলে পুল করতে গিয়ে ২৬ রানে ক্যাচ তুলে দিয়ে ফেরেন প্যাভিলিয়নে। এরপর আর প্রতিরোধ গড়তে পারেননি মোহাম্মদ সিরাজ ও প্রসিধ কৃষ্ণা।

ইনিংসের ৬৯.৪ ওভারে অলআউট হয়ে যায় ভারত। দ্বিতীয় দিনে মাত্র আধা ঘণ্টার মধ্যেই শেষ হয়ে যায় তাদের ইনিংস।

দ্বিতীয় দিনের সকালটা পুরোপুরি নিজেদের করে নেন ইংল্যান্ডের দুই পেসার জশ টাং ও গাস আটকিনসন। দুজনই তুলে নেন দুটি করে উইকেট। বিশেষ করে আটকিনসনের বোলিং ছিল অনবদ্য। মাত্র ৩৩ রানে ৫ উইকেট নিয়ে ভারতীয় ব্যাটিং লাইনআপ ধসিয়ে দেন তিনি।

## ওভাল টেস্ট থেকে ছিটকে গেলেন ওকস



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ওভাল টেস্টের প্রথম দিন ফিল্ডিং করতে গিয়ে কাঁধে চোট পেয়ে চলমান ম্যাচ থেকে ছিটকে পড়েছেন ইংল্যান্ডের পেসার ক্রিস ওকস। শুক্রবার খেলা শুরুর আগে বিষয়টি নিশ্চিত করেছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। সংস্থাটি এক বিবৃতিতে জানিয়েছে, এই ম্যাচে ওকস আর অংশ নিতে পারবে না।

চোট পান ম্যাচের ৫৭তম ওভারে। করুণ নায়ারের এক সাধারণ বাউন্ডারি ঠেকাতে সীমানার কাছাকাছি দৌড়ে গিয়ে বলটি ফিরিয়ে আনতে সক্ষম হলেও, সীমানার বাইরে পড়ে গিয়ে বাঁ কাঁধে আঘাত পান ওকস। প্রথমে পরিস্থিতি গুরুতর না মনে হলেও কিছুক্ষণ পর ব্যথায় কাতর হয়ে পড়েন তিনি। দ্রুতই মাঠে ছুটে আসেন দলের ফিজিওরা। প্রাথমিক চিকিৎসা শেষে মাঠ ছাড়েন ওকস, যেখানে তাঁর বাঁ হাতটি ডান হাতে ধরে সোয়েটারে পেঁচিয়ে রাখা হয়েছিল।

এই চোটের ফলে অ্যান্ডারসন-টেন্ডুলকার সিরিজের শেষ টেস্টে আর মাঠে নামতে পারবেন না অভিজ্ঞ এই পেসার। প্রথম ইনিংসে বল হাতে তিনি ছিলেন কার্যকর। ইতোমধ্যে ১৪ ওভার বল করে ভারতের গুরুত্বপূর্ণ ব্যাটার লোকেশ রাহুলকে আউট করেন।

ওকসের ছিটকে যাওয়ায় বোলিং বিভাগে চাপ বেড়েছে ইংল্যান্ডের। আগেই নিশ্চিত ছিল, দলে নেই জফরা আর্চার ও বেন স্টোকস। এখন বোলিং আক্রমণ নির্ভর করছে গাস আটকিনসন, জস টাং এবং জেমি ওভারটনের ওপর।

চলতি সিরিজে ওকসের পারফরম্যান্স খুব একটা উজ্জ্বল না হলেও, বল হাতে ছিলেন দলের সবচেয়ে ব্যস্ত বোলার। সিরিজে সবচেয়ে বেশি ১৮১ ওভার বল করে নিয়েছেন ১১টি উইকেট। দ্বিতীয় সর্বোচ্চ ওভার করা ব্রাইডন কার্সের তুলনায় তিনি করেছেন ২৪ ওভার বেশি। ব্যাট হাতে অবশ্য ছিল হতাশাজনক পারফরম্যান্স, মোটে ৬৪ রান এসেছে তার ব্যাট থেকে।

## তরুণ ক্রিকেটারদের চোট নিয়ে উদ্বিগ্ন ধোনি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের সাবেক অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি নিজের ফিটনেস নিয়ে বহুবার প্রশংসিত হলেও এবার আলোচনায় উঠে এসেছেন অন্য কারণে। তরুণ ক্রিকেটারদের ঘনঘন চোট পাওয়া নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন এই বিশ্বকাপজয়ী অধিনায়ক। তাঁর মতে, বর্তমান প্রজন্মের শারীরিক পরিশ্রমের ঘাটতি ও লাইফস্টাইলের পরিবর্তন এর মূল কারণ।

সম্প্রতি রাঁচিতে এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ধোনি বলেন,'এখনকার ছেলেদের বয়স বাড়ছে, কিন্তু ফিটনেস কমছে। অনেকেই প্রয়োজনমতো শারীরিক পরিশ্রম করছে না। এটা একটা বড় চিন্তার বিষয়।'

নিজের অভিজ্ঞতা তুলে ধরে ধোনি জানান, তাঁর নিজের মেয়েও সারাদিন বসে কাটায়, যা তাঁকে ভাবিয়ে তোলে। তিনি বলেন, 'আমি নিজে ওকে আরও সক্রিয় রাখার চেষ্টা করি। কিন্তু এটা শুধু আমার সন্তানের সমস্যা নয়, অনেক ঘরেই এখন শিশুরা খেলাধুলা থেকে দূরে সরে যাচ্ছে।'

ধোনির এই মন্তব্য এমন সময় এল, যখন ভারতীয় ক্রিকেটারদের চোট



সমস্যা প্রকট হয়ে উঠছে। ইংল্যান্ড সফরে পেসার আকাশ দীপ পিঠের চোটে ভুগছেন, ফলে ম্যাচে না-ও খেলতে পারেন। জশপ্রীত বুমরাও এখনো পুরোপুরি ফিট নন। এ অবস্থায় তরুণ ক্রিকেটারদের ফিটনেস নিয়ে প্রশ্ন উঠেছে ক্রিকেট মহলে।

৪৪ বছর বয়সেও আইপিএলে খেলা চালিয়ে যাচ্ছেন ধোনি। হাঁটুতে অস্ত্রোপচারের পরেও মাঠে নামছেন। এমনকি গত আইপিএল মৌসুমে কিছুকিছু ম্যাচে অধিনায়কত্বও করেছেন। তাঁর কিপিং দক্ষতা এবং দ্রুত দৌড়ের ক্ষমতা এখনও অনেক তরুণ খেলোয়াড়ের চেয়েও কার্যকর।

ধোনি বলেন, 'আমি সবসময় একটা শৃঙ্খলাবদ্ধ রুটিন মেনে চলেছি। চাষাবাদ করি, গাড়ি নিজে সারাই করি। এই কাজগুলো আমাকে সক্রিয় রাখে।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR